রাংগামাটি পার্বত্য জেলা পরিষদ
রাংগামাটি
(www.rhdc.gov.bd)

নং-২৯.৩৪.৮৪০০.২০৭.৩৯.০০১.১৯ - ১৭৭ তারিখঃ ০৯ সেপ্টেম্বর, ২০১৯খ্রি।

# শিক্ষা উপবৃত্তি বিজ্ঞপ্তি

রাংগামাটি পার্বত্য জেলা পরিষদে ২০১৯-২০২০ অর্থ বছরের 'শিক্ষাবৃত্তি' প্রদানের লক্ষ্যে দেশের কলেজ/বিশ্ববিদ্যালয় ও অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানের উচ্চ মাধ্যমিক/সমমান, স্নাতক/সমমান ও স্নাতকোত্তর/সমমান পর্যায়ে অধ্যয়নরত রাংগামাটি পার্বত্য জেলায় স্থায়ীভাবে বসবাসকারী ছাত্র-ছাত্রীদের নিকট হতে **'শুধুমাত্র অনলাইনে'** শিক্ষাবৃত্তির জন্য আবেদন আহবান করা যাচ্ছে। পরিষদের ওয়েবসাইট www.rhdc.gov.bd–তে আবেদন ফরমটি যথাযথভাবে পূরণপূর্বক নিম্নোক্ত সনদসমূহের মূলকপি স্ক্যান করে নির্ধারিত সাইজে আপলোড করে আবেদন সম্পন্ন করতে হবে।

১। স্থায়ী বাসিন্দার সনদপত্র জেলা প্রশাসক/সার্কেল চীফ কর্তৃক প্রদত্ত;

২। উপজেলা চেয়ারম্যান/পৌর মেয়র/ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত পিতা/আইনানুগ অভিভাবকের বাৎসরিক আয়ের সনদ, পিতা/আইনানুগ অভিভাবক চাকুরিজীবি হলে চাকুরিরত প্রতিষ্ঠানের যথাযথ কর্তৃপক্ষ প্রদত্ত বাৎসরিক আয়ের সনদ;

৩। শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নের স্বপক্ষে প্রতিষ্ঠান প্রধান/বিভাগীয় প্রধানের প্রত্যয়ন পত্র;

৪। আবেদনকারীর সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের রংগিন ছবি (৩০০x৩০০) পিক্সেল এবং স্বাক্ষর (১৫০x৮০) পিক্সেল এবং অন্যান্য সনদ (৭৫০x১০০০) পিক্সেল হতে হবে;

৫। আবেদনকারীর সনদপত্রে কোন প্রকার অসামঞ্জস্যতা পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট আবেদনকারীর আবেদন বাতিলসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৬। আবেদনের সময়সীমা আগামী ১৭/০৯/২০১৯খ্রিঃ হতে ১৭/১০/২০১৯খ্রিঃ রাত ১২.০০ টা পর্যন্ত।

৭। জিপিএ ফলাফলের ২.০০ পয়েন্টের নীচে প্রাপ্ত শিক্ষার্থীদের আবেদন করার প্রয়োজন নাই।

৮। অনলাইন ব্যতিত সরাসরি বা ডাকযোগে শিক্ষাবৃত্তির আবেদন গ্রহণ করা হবে না

**বিশেষ দ্রষ্টব্যঃ** কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ বিজ্ঞপ্তির অংশবিশেষ পরিবর্তন/পরিবর্ধন/সংশোধন করার এবং বৃত্তির জন্য প্রার্থী বাছাইয়ে পরিষদের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

**(বৃষ কেতু চাকমা)**
চেয়ারম্যান
রাংগামাটি পার্বত্য জেলা পরিষদ
ফোনঃ০৩৫১-৬৩১৩২ (অফিঃ)

**অনুলিপিঃ সদয় অবগতির জন্য**

১। সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। ভাইস চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাংগামাটি।
৩। ভাইস চ্যান্সেলর, রাংগামাটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, ভেদভেদী, রাংগামাটি।
৪। মুখ্য নির্বাহী কর্মকর্তা, পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ, রাংগামাটি।
৫। জেলা প্রশাসক, রাংগামাটি পার্বত্য জেলা।
৬। পুলিশ সুপার, রাংগামাটি পার্বত্য জেলা।
৭। জনাব.......................................................সদস্য (সকল), এ পরিষদ।
৮। উপজেলা নির্বাহী অফিসার, সদর/নানিয়ারচর/বরকল/বিলাইছড়ি/বাঘাইছড়ি/লংগদু/কাউখালী/কাপ্তাই/রাজস্থলী/জুরাছড়ি রাংগামাটি পার্বত্য জেলা।
৯। মেয়র, রাংগামাটি পৌরসভা, রাংগামাটি।
১০। অধ্যক্ষ .................................................................... রাংগামাটি পার্বত্য জেলা।
১১। জনাব ...................................................................(সকল) কর্মকর্তা, অত্র পরিষদ।
১২। নোটিশ বোর্ড/অত্র পরিষদ।

**কার্যার্থেঃ**

১। সম্পাদক ....................................................... রাংগামাটি। বিজ্ঞপ্তিটি আগামী ১৭/০৯/২০১৯খ্রিঃ এর মধ্যে ১ বার (৩ কলাম ৫ ইঞ্চি সাইজের) প্রকাশের জন্য অনুরোধ করা হলো

**ছাদেক আহমদ**
মুখ্য নির্বাহী কর্মকর্তা
রাংগামাটি পার্বত্য জেলা পরিষদ
ফোনঃ০৩৫১-৬৩২৬৫ (অফিঃ)

রাংগামাটি পার্বত্য জেলা পরিষদ
রাংগামাটি
(www.rhdc.gov.bd)

**২০১৯-২০২০ অর্থবছরের জন্য রাংগামাটি পার্বত্য জেলা পরিষদ কর্তৃক দাখিলকৃত শিক্ষাবৃত্তির আবেদন অনলাইনে দাখিল করার নিয়মাবলী**

১। রাংগামাটি পার্বত্য জেলা পরিষদের জেলা পরিষদের (www.rhdc.gov.bd) এর "শিক্ষাবৃত্তির অনলাইন আবেদন'' লিংকটিতে ক্লিক করে অথবা ব্রাউজারের এড্রেস বারে (**https://www.bpmcbd.com/scholarship/ টাইপ করে Enter চাপ দিন।**

২। নতুন ব্যবহারকারী হলে প্রথমে হোম পেজ থেকে ''রেজিস্ট্রেশন'' বাটনে ক্লিক করে রেজিস্ট্রেশন করুন এবং পূর্বে যারা রেজিস্ট্রেশন করেছেন, তারা মোবাইল নম্বর এবং পাসওয়ার্ড দিয়ে লগইন করে প্রোফাইল তথ্য সংশোধনপূর্বক আবেদন করুন;

২। রেজিস্টেশন প্রক্রিয়া মোবাইল নম্বরসহ অন্যান্য তথ্যাদি দিয়ে 'রেজিস্ট্রেশন করুন' বাটনে ক্লিক করার পর আপনার মোবাইল নম্বরে ৬ ডিজিটের একটি ভেরিফিকেশন কোড যাবে। এই কোড নম্বরটি দিয়ে **'যাচাই করুন'** বাটনে ক্লিক করলে অভিনন্দন, আপনার নিবন্ধন সফলভাবে সম্পূর্ণ হয়েছে' এই ম্যাসেজটি দেখাবে। কোড প্রদানের সময়সীমা ১৫ মিনিট।

৫। হোম পেজ থেকে **লগইন** বাটনে ক্লিক করে আপনার মোবাইল এবং পাসওয়ার্ড দিয়ে লগইন করুন এবং ড্যাসবোর্ডে আবেদনকারীর ছবি আপলোড করুন;

৬। **'শিক্ষাবৃত্তির আবেদন করতে এইখানে ক্লিক করুন'** এই লিংকটি ক্লিক করে নির্দেশনা অনুযায়ী পরবর্তী ধাপে আবেদন ফরম পূরণ করুন।

৭। আবেদন ফরমের প্রতিটি কলাম যথাযথভাবে পূরণ করে সর্বশেষ পরীক্ষায় মূল মার্কশীট ১ম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক/ সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক কর্তৃক সত্যায়িত করে স্ক্যান কপি আবেদনের সাথে সংযুক্ত করুন।

৮। ফরম যথাযথভাবে পূরণ করে " **আবেদন সংরক্ষণ ও প্রিন্ট করুন''** বাটনে ক্লিক করে আবেদন সংরক্ষণ করে **প্রিন্ট করুন;**

৯। জিপিএ ফলাফলের ২.০০ পয়েন্টের নীচে প্রাপ্ত শিক্ষার্থীদের আবেদন করার প্রয়োজন নাই।

১০। আবেদন ফরম প্রিন্ট করার পর আবেদনটি সফলভাবে দাখিল হলে আবেদনকারী তাঁর মোবাইল ফোনে আবেদন গ্রহণের ডায়েরি নম্বর ও তারিখ সম্বলিত একটি ক্ষুদে বার্তা পাবেন এবং পরবর্তীতে অনলাইনে লগইন করে আবেদনের অবস্থা সম্পর্কে জানতে পারেন;

(ছাদেক আহমদ)
মুখ্য নির্বাহী কর্মকর্তা
ফোনঃ ০৩৫১-৬৩২৬২